গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য -১ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫০.১৫-১৩৪

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৫ / ১৩ মার্চ ২০১৯

বিষয়ঃ [redacted] সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮-এ মোবাইল ফোন সংযোগের প্রাধিকার তালিকায় বিসিএস (মৎস) ক্যাডারের উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করণ প্রসঙ্গে।

সরকারী কর্মচারীদের সরকারি ব্যয়ে টেলিফোন ও ইন্টারনেট সংশ্লিষ্ট সেবা-সুবিধা সুশৃঙ্খল ও যুগোপযোগীকরণের স্বার্থে 'সরকারি টেলিফোন সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮' প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালায় মোবাইল ফোন সংযোগের প্রাধিকার তালিকায় মাঠ পর্যায়ের অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের পদবি অন্তর্ভুক্ত করা হলেও মৎস্য অধিদপ্তরের উপজেলা ও জেলা পর্যায়ে কর্মরত বিসিএস (মৎস্য) ক্যাডার কর্মকর্তাগণের পদবি অন্তর্ভুক্ত করা হয়নি।

০২। বিসিএস (মৎস্য) ক্যাডারের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ মাছচাষের আধুনিক কলাকৌশল ও মৎস্যচাষ সম্প্রসারণ সম্পর্কিত তথ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দিতে নিরলসভাবে কাজ করে চলছেন। এ ছাড়া নিরাপদ মৎস্য উৎপাদন নিশ্চিতকরণের লক্ষ্যে মৎস্য সংক্রান্ত আইন বাস্তবায়নে অভিযান পরিচালন, মোবাইল কোর্ট আয়োজনসহ সময়ে সময়ে সরকার কর্তৃক আরোপিত বিভিন্ন জনগুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন।

০৩। উল্লেখ্য, মৎস্য অধিদপ্তরের ৫ম ও তদুর্ধ্বে গ্রেডের মোট ১৮৩ জন কর্মকর্তাকে মোবাইল ভাতা উত্তোলনের জন্য ইতোপূর্বে মঞ্জুরি আদেশ দেয়া হয়েছে (কপি সংযুক্ত)। 'সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮'-এ বর্ণিত মোবাইল ফোন সংযোগের প্রাধিকার তালিকায় তাঁদের পদনাম উল্লেখ না থাকায় বর্তমানে মঞ্জুরি আদেশপ্রাপ্ত কর্মকর্তাগণ মোবাইল ভাতা পাচ্ছেন না। বিধায় বিসিএস (মৎস্য) ক্যাডারের ৫ম ও সমমানের এবং ৬ষ্ঠ ও সমমানের গ্রেডের কর্মকর্তাদের প্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তি আবশ্যক।

০৪। 'সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮'- এর প্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তসহ জেলা মৎস্য কর্মকর্তা/সমমানের (৫ম গ্রেড) ১৪৩ জন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ সমমানের (৬ষ্ঠ গ্রেড) ২৭৩ জনসহ মোট ৪১৬ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল ফোন সংযোগের মঞ্জুরি প্রদানের সম্মতি দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বা:

হাফছা বেগম
উপসচিব
টেলিঃ ৯৫৭৭২৬২

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**{দৃ:আ: অতিরিক্ত সচিব (প্রশাসন)}**

নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫০.১৫-১৩৪

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৫ / ১৩ মার্চ ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। যুগ্মসচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

হাফছা বেগম
উপসচিব
টেলিঃ ৯৫৭৭২৬২

E:\Abdullah-17\Litter\Litter.docx

Scanned by CamScanner

## মৎস্য অধিদপ্তরের মোবাইল ফোনভাতা প্রাধিকার তালিকাভুক্তিযোগ্য বিসিএস (মৎস্য) ক্যাডার পদের বিবরণ

| ক্রঃ নং | পদের নাম | বেতন গ্রেড | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জেলা মৎস্য কর্মকর্তা | ৫ম গ্রেড | ৬৪ | |
| ২. | জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) | ৫ম গ্রেড | ৬ | |
| ৩. | সিনিয়র সহকারী পরিচালক | ৫ম গ্রেড | ৬৪ | |
| ৪. | সিনিয়র সহকারী পরিচালক | ৫ম গ্রেড | ৭ | ময়মনসিংহ বিভাগ ব্যতিত ৭টি বিভাগের জন্য |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | ৬ষ্ঠ গ্রেড | ২৪১ | |
| ৬. | ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসার | ৬ষ্ঠ গ্রেড | ১৭ | |
| ৭. | উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৬ষ্ঠ গ্রেড | ২ | |
| | মোট | | ৪০১ | |

## মোবাইল ফোনভাতা প্রাধিকার তালিকাভুক্তিযোগ্য নন-ক্যাডার পদের বিবরণ

| ক্রঃ নং | পদের নাম | বেতন গ্রেড | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | আঞ্চলিক মৎস্য কর্মকর্তা | ৫ম গ্রেড | ২ | |
| ২. | সহকারী পরিচালক | ৬ষ্ঠ গ্রেড | ৩ | |
| ৩. | বাওড় ব্যবস্থাপক | ৬ষ্ঠ গ্রেড | ৬ | |
| ৪. | প্রজেক্ট ম্যানেজার | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| ৫. | হ্যাচারী ম্যানেজার | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| ৬. | অধ্যক্ষ | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| ৭. | ট্রেনিং অফিসার | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| | মোট | | ১৫ | |

১৪/২/২০১৯

হাফিজা বেগম
উপসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

E:\Abdullah-17\Note\Note.docx

Scanned by CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১১১.১০.০১২.১৮-৭৮২

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৬

০৯ অক্টোবর ২০১৯

বিষয়: **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে ৪১৬ জন কর্মকর্তার অনুকূলে মোবাইলফোন সংযোগের মঞ্জুরি প্রদানে সম্মতি প্রদান**

সূত্র: মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫০.১৫-১৩৪; তারিখ: ১৩/০৩/১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে প্রেরিত তালিকায় উল্লিখিত ৪১৬ জন কর্মকর্তার পদের অনুকূলে মোবাইলফোন সংযোগের মঞ্জুরি প্রদানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: ৪১৬ জন কর্মকর্তার পদের তালিকা

৯-১০-১৯

আবু কায়সার খান
উপসচিব
ফোন: ৯৫৪০১৫৯
ইমেইল: admincord@mopa.gov.bd

সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



Scanned by CamScanner